

রাজবাহনচরিতম্

শ্রুত্বা তু ভুবনবৃত্তান্তমুত্তমাঙ্গনা বিস্ময়বিকসিতাক্ষী
সস্মিতমিদমভাষত—‘দয়িত, ত্বৎপ্রসাদাদঘ মে চরিতার্থা শ্রোতবৃত্তিঃ ।
অঘ মে মনসি তমোঃপহস্তুয়া দত্তো জ্ঞানপ্রদীপঃ । পঞ্চমিদানীং
ত্বৎপাদপদ্মপরিচর্যাফলম্ । অস্য চ ত্বৎপ্রসাদস্য কিমুপকৃত্য
প্রত্যুপকৃতবতী ভবেয়ম্ । অভবদীয়ং হি নৈব কিঞ্চিন্মত্সম্বদ্ধম্ ।

● মূল — শ্রুত্বা তু ভুবনবৃত্তান্তমুত্তমাঙ্গনা বিস্ময়বিকসিতাক্ষী
সস্মিতমিদমভাষত—‘দয়িত ত্বৎপ্রসাদাদঘ মে চরিতার্থা শ্রোতবৃত্তিঃ । অঘ মে
মনসি তমোঃপহস্তুয়া দত্তো জ্ঞানপ্রদীপঃ । পঞ্চমিদানীং ত্বৎপাদপদ্মপরিচর্যাফলম্ ।
অস্য চ ত্বৎপ্রসাদস্য কিমুপকৃত্য প্রত্যুপকৃতবতী ভবেয়ম্ । অভবদীয়ং হি নৈব
কিঞ্চিৎ মত্সম্বদ্ধম্ ॥ ১ ॥

⊙ শব্দার্থ—ভুবনবৃত্তান্তম্ (সমস্ত পৃথিবীর গল্প) শ্রুত্বা (শুনে) তু (অনর্থক নিপাত)
উত্তমাঙ্গনা (শ্রেষ্ঠানারী) বিস্ময়বিকসিতাক্ষী (বিস্ময়ে বিস্ফারিত নেত্রে) সস্মিতম্ (মৃদুহাস্য
করে) ইদম্ (এই কথা) অভাষত (বলেছিল)—দয়িত । (হে প্রিয়তম) ত্বৎপ্রসাদাৎ (তোমার
অনুগ্রহে) অঘ (আজকে) মে (আমার) চরিতার্থা (সফল হয়েছে) শ্রোতবৃত্তিঃ (শ্রবণ
ইন্দ্রিয়ের ক্ষমতা) । অঘ (আজকে) মে (আমার) মনসি (মনে) তমোঃপহঃ (অজ্ঞান
অন্ধকার বিনাশী) ত্বয়া (তুমি) জ্ঞানপ্রদীপঃ (জ্ঞানের প্রদীপ) দত্তঃ (দান করেছেন) । ইদানীম্
(এখন) ত্বৎপাদপদ্মপরিচর্যাফলম্ (তোমার পাদপদ্ম সেবার ফল) পঞ্চম্ (পরিণতি লাভ
করেছে) । অস্য (এই) চ (এবং) ত্বৎপ্রসাদস্য (তোমার অনুগ্রহের) কিম্ (কি) উপকৃত্য
(উপকার করে) প্রত্যুপকৃতবতী ভবেয়ম্ (প্রত্যুপকারে সমর্থ হবে?) অভবদীয়ং (আপনার
নয় এমন) হি (অনর্থক অব্যয়) নৈব (নাই) কিঞ্চিৎ (কিছুই) মত্সম্বদ্ধম্ (একান্ত আমা
বলে) ।

☆ বঙ্গানুবাদ—সেই শ্রেষ্ঠানারী (অবন্তিসুন্দরী) পৃথিবীর গল্প শুনে বিস্ময়-
বিস্ফারিতনেত্রে মৃদুহাস্য যুক্ত মুখে বলেন—‘ওহে প্রিয়! তোমার অনুগ্রহে আমার শ্রবণেন্দ্রিয়
চরিতার্থ হল। আজ আমার মনে অজ্ঞান অন্ধকারবিনাশী জ্ঞানের প্রদীপ
তুমি জ্বেলে দিয়েছ। তোমার পাদপদ্মসেবার ফল আজ পরিণত হয়েছে। কোন্ উপকার
করে আমি এই অনুগ্রহের প্রতিদান করব? তোমার নয় এমন কিছুই আমার কাছে
নেই।

★ Eng. Trans. Having heard the description of the worlds, the best
lady (Avantisundari), with her eyes widened in wonder, said smilingly, “O

सुप्तयोस्तु तयोः स्वप्ने बिसगुणनिगडितपादो जरठः
कश्चिज्जालपादोऽदृश्यत । प्रत्यबुध्येतां चोभौ । अथ तस्य राजकुमारस्य
कमलमूढशशिकिरणरज्जुदामनिगृहीतमिव रजतशृङ्खलोपगूढं
चरणयुगलमासीत् । उपलभ्यैव च 'किमेतत्' इत्यतिपरित्रासविह्वला
मुक्तकण्ठमाचक्रन्द राजकन्या । येन च तत्सकलमेव कन्यान्तः-
पुरमग्निपरीतमिव पिशाचोपहतमिव वेपमानमनिरूप्यमाण-
तदात्वायतिविभागमगण्यमानरहस्यरक्षासमयमवनितलवि-
प्रविध्यमानगात्रमाक्रन्दविदीर्यमाणकण्ठमश्रुस्रोतोऽवगुण्ठित-
कपोलतलमाकुलीबभूव ।

● मूल—सुप्तयोस्तु तयोः स्वप्ने बिसगुणनिगडितपादो जरठः
कश्चिज्जालपादोऽदृश्यत । प्रत्यबुध्येतां चोभौ । अथ तस्य राजकुमारस्य
कमलमूढशशिकिरणरज्जुदामनिगृहीतमिव रजतशृङ्खलोपगूढम् चरणयुगलमासीत् ।
उपलभ्यैव च 'किमेतत्' इत्यतिपरित्रासविह्वला मुक्तकण्ठमाचक्रन्द राजकन्या । येन

চ তৎসকলমেব কন্যাস্তঃপুরমগ্নিপরীতমিব পিশাচোপহতমিব বেপমানম্
অনিরূপ্যমাণতদাহ্বয়তিবিভাগম্ অগণ্যমানরহস্যরক্ষাসময়ম্ অবনিতল-
বিপ্রবিধ্যমানগাত্রম্ আক্রন্দবিদীর্ঘমাণকণ্ঠম্ অশ্রুশ্রোতোহবগুপ্তিতকপোলতলম্
আকুলীবভূব ॥২১॥

☆ শব্দার্থ—সুপ্তয়োক্ত তয়োঃ (তারা দুজনে ঘুমিয়ে পড়লে) স্বপ্নে (স্বপ্নাবস্থায়)
বিসৃগনিগড়িতপাদঃ (পদের উটার সুতার দ্বারা পা বাঁধা) জরঠঃ (বৃদ্ধ) কশিচৎ (কোন
একটি) জালপাদঃ (হাঁস) অদৃশ্যত (দেখলেন) প্রত্যবুধ্যোতাং (জেগে উঠলেন) চ (এবং)
উভৌ (দুজনেই অর্থাৎ অবন্তিসুন্দরী ও রাজবাহন)। অথ (তারপর) তস্য রাজকুমারস্য
(সেই রাজকুমারের) চরণযুগলম্ (দুটি পা) কমলমূঢ়শিকিরণরঞ্জদামনিগৃহীতম্ ইব
(পদ্মকে বুঝিয়ে দেওয়া চন্দ্রের আলোকসমূহের দড়ির দ্বারা বেষ্টিত) রজতশৃঙ্খলোপগুঢ়ম্
(রূপোর শিকলের দ্বারা বাঁধা) আসীৎ (ছিল)। উপলভ্যৈব চ (এটা উপলব্ধি করেই) 'কিম্
এতৎ' ইতি (এটা কিভাবে হল? এরূপ চিন্তা করে) অতিপরিত্রাসবিহ্বলা (অত্যন্ত ভয়ে
বিহ্বল হয়ে) মুক্তকণ্ঠম্ (জোর গলায়) আচক্রন্দ (চিৎকার করে উঠলেন) রাজকন্যা
(রাজার মেয়ে অর্থাৎ অবন্তিসুন্দরী)। যেন (যাতে অর্থাৎ সেই চিৎকারে) তৎ সকলম্ এব
কন্যাস্তঃপুরম্^১ (সেই সমস্ত কন্যাস্তঃপুরের লোকেরাও) অগ্নিপরীতমিব (অগ্নির দ্বারা
পরিবেষ্টিত হয়ে পড়ার মত) পিশাচোপহতমিব (ভূতের দ্বারা আক্রান্ত হবার মত)
বেপমানম্ (কাঁপতে কাঁপতে) অনিরূপ্যমাণতদাহ্বয়তিবিভাগম্ (সেই সময় এবং পরবর্তী
কালে এর প্রভাব কি হবে—এরূপ বিচার না করেই) অগণ্যমানরহস্যরক্ষাসময়ম্^২
[গোপনীয়তা রক্ষা করার যে শপথ তারা (রাজকর্মচারীরা) নিয়েছিলেন সেটা বিচার না
করেই] অবনিতলবিপ্রবিধ্যমানগাত্রম্ (মাটিতে দেহ লুটিয়ে দিয়ে) আক্রন্দবিদীর্ঘমাণকণ্ঠম্
(চিৎকারে গলা ফাটিয়ে) অশ্রুশ্রোতোহবগুপ্তিতকপোলতলং [চোখের জলের স্রোতে দুটি
গাল (গুণ্ডদেশ) ভিজিয়ে দিয়ে] আকুলীবভূব (আকুল হয়ে পড়েছিল)।

☆ বঙ্গানুবাদ—ঘুমন্ত অবস্থাতেই তারা দুজন (রাজবাহন ও অবন্তিসুন্দরী) স্বপ্নে
একটি বৃদ্ধ হাঁসকে দেখল যার পা দুটি পদের মৃগাল দিয়ে বাঁধা। তারা দুজনেই সঙ্গে
সঙ্গে জেগে উঠলেন। তারপর দেখা গেল রাজকুমারের পা দুটি রূপোর শিকলের
দ্বারা বাঁধা আছে। মনে হল যেন পা-দুটিকে পদ্ম মনে করে চন্দ্রশিমুরূপ রঞ্জুর দ্বারা

১। সন্ধিযুক্ত বিশেষণগুলিকে বোঝার সুবিধার জন্য ভাঙ্গা হল।

২। কেবলমাত্র মেয়েদের থাকার জন্য রাজবাড়ীতে একটা অংশ নির্দিষ্ট থাকত। তাকেই বোঝাত
শব্দটি।

৩। রাজকন্যা একজনকে নিয়ে কন্যাস্তঃপুরে গিয়ে আছে—একথা লোক সমক্ষে প্রচার করলে রাজার
ক্ষতি হবে। তারা রাজার অন্তঃপুরের কথা গোপন রাখার প্রতিজ্ঞা করেছিল। কিন্তু সে সব না
ভেবেই.....

বদ্ধ। ব্যাপারটি উপলব্ধি করেই রাজকন্যা 'এটা কি হল'? এই বলে ভয়ে ব্যাকুল হয়ে
জোর গলায় কাঁদতে লাগল। সেই কামার শব্দে সমস্ত কন্যাস্তঃপুরের লোকেরা আশুনে
পরিবেষ্টিত হবার মত, ভূতের দ্বারা আক্রান্ত হবার মত কাঁপতে লাগল। এখন এবং
ভবিষ্যতে কি করা উচিত তা ঠিক করতে না পেরে, কন্যাস্তঃপুরের গোপনীয়তার কথা না
ভেবে মাটিতে দেহ লুটিয়ে, চিৎকারে গলা ফাটিয়ে, চোখের জলে গাল ভাসিয়ে, আকুল
হয়ে পড়েছিল।

☆ Eng. Trans. As they fell asleep, an old swan with its feet tied
with lotus stalk appeared in their dream. Both of them woke up at once.
It was then found, that, the feet of Prince Rajavahana had been tied with
silver chain, mistaking as if lotus tied up with the noose of beams of
the moon. Having seen this, the princess yielded in fright cried aloud.
Her scream frightened her mates in gynaeceum and there arose a
confused uproar, as if the place was either set on fire or invaded by
demons. Perplexed in determining what to do, and disregarding
necessity of maintaining secrecy of the incident, they all expressed
fervent distress by dashing against the floor, by hurting themselves, by
screaming aloud and by shedding streams of tears across their cheeks.
(2)

☆ টীকা—সুপ্তয়োঃ নিদ্রিতয়োঃ। তু। তয়োঃ (অবন্তিসুন্দরীরাজবাহনয়োঃ), স্বপ্নে।
বিসৃগনিগড়িতপাদঃ বিসৃগেন মৃগালতন্তুনা নিগড়িতৌ বন্ধৌ পাদৌ চরণৌ যস্য সং।
জরঠঃ^১ বৃদ্ধঃ। কশিচৎ কোহপি। জালপাদঃ হংসঃ, অদৃশ্যত (তাভ্যাম্ ইতি অধ্যাহার্যম্)
দৃষ্টঃ। প্রত্যবুধ্যোতাং জাগরিতৌ, চ। উভৌ দ্বৌ। অথ ততঃ। তস্য। রাজকুমারস্য।
কমলমূঢ়শিকিরণরঞ্জদামনিগৃহীতম্ কমলহেন মূঢ়েন ভ্রান্তেন শশিনা চন্দ্রেণ কিরণাঃ এব
রঞ্জদাম গুণসমূহঃ তেন নিগৃহীতম্ বদ্ধম্। ইব। রজতশৃঙ্খলোপগুঢ়ম্ রজতস্য রৌপ্যস্য
শৃঙ্খলয়া উপগুঢ়ম্ বেষ্টিতম্। চরণযুগলম্, আসীৎ। উপলভ্য জ্ঞাত্ব। এব। চ। কিম্। এতৎ।
ইতি (উক্ত্বা)। অতিপরিত্রাসবিহ্বলা অতিপরিত্রাসেন অত্যন্তভীত্যা বিহ্বলা ব্যাকুলা, মুক্তকণ্ঠম্
উচ্চস্বরেণ। আচক্রন্দ অরোদীৎ। রাজকন্যা^২ (অবন্তিসুন্দরী)। যেন রুদনে চ তৎ। সকলম্
সর্বম্। এব। কন্যাস্তঃপুরম্। অগ্নিনা হতাশনেন। পরীতম্ আবৃতম্। ইব। পিশাচেন ভূতেন
আবিষ্টম্ গ্রস্তম্। ইব। বেপমানম্ কম্পমানম্। ন নিরূপ্যমাণঃ নির্ণীয়মানঃ তদাহ্বয়া তৎকালস্য
(বর্তমানস্য) আয়তেঃ ভবিষ্যস্য চ বিভাগঃ কৃত্য যেন তৎ (কিংকর্তব্যবিমূঢ়ম্)^৩। ন
গণ্যমানঃ বিচার্যমাণঃ রহস্যস্য নিদ্রালিঙ্গনাদিকস্য আবরণীয়স্য ব্যাপারস্য যা রক্ষা আবরণম্

১। জরঠ শব্দ ব্যবহারের দ্বারা অমঙ্গল সূচিত হয়েছে।

২। অকূতোপযস্য কন্যা সলজ্জা নবযৌবনা।

৩। তৎকালস্ত তদাহ্বং স্যাৎকালঃ কাল আয়তিঃ ইতি অমরঃ।

৩৬☆ রাজবাহনচরিতম্

ফুটলেও পদ্ম বুজে যায়। তাই পদ্মের উপর চন্দ্রের ক্ষোভ আছে। (কলাশাক্তে চন্দ্রকে নায়ক ও কুমুদিনীকে নায়িকা বলা হয়েছে। আবার সূর্য নায়ক ও পদ্ম হল নায়িকা। তাই নায়কের আগমনে নায়িকার বিকশিত হয়।) চন্দ্র রাজবাহনের পদ্মের মত প্রস্ফুটিত পা দুটিকে বিকশিত পদ্ম ভেবে রজতের মত শুভ্র কিরণ রঞ্জুর দ্বারা তাকে বেঁধে ফেলেছে। এভাবে তার উপর শত্রুতা আচরণ করেছে।

আখ্যানে পরবর্তী কালে বলা হয়েছে যে রজতশৃঙ্খলটি প্রকৃতপক্ষে সুরতমঞ্জরী নামক স্বর্গের এক অঙ্গরা। সে মার্কণ্ডেয় মূনির অভিশাপে রজতশৃঙ্খলে পরিণত হয়।

রাজবাহনের পদদ্বয় শৃঙ্খলিত দেখে অবন্তিসুন্দরী ভয়বিহ্বল হয়ে যে চিৎকার করেছিল কন্যাস্তম্ভপুরে তার ফলশ্রুতি কিরূপ হল তা কবি সুন্দর ভাবে বর্ণনা করেছেন। কন্যাস্তম্ভপুরে কন্যাদের চরিত্ররক্ষার জন্য কোন পুরুষের প্রবেশাধিকার ছিল না। এই ব্যবস্থা যাতে বর্তমান থাকে সেজন্য নির্দিষ্ট রক্ষীদের ও পরিচারিকাদের সেখানে রাখা হয়েছিল। অস্তম্ভপুরের গোপন সংবাদ যাতে অন্যত্র প্রকাশিত না হয়, সেজন্য তাদের প্রতিজ্ঞাও করিয়ে নেওয়া হত।

রাজকন্যার এই অবস্থা ও ভ্রন্দন দেখে স্বল্পবিদ্যা কর্মচারীরা তাদের তৎকালীন কর্তব্য যেমন ভুলে গেল তেমনি ভবিষ্যতে তাদের কি করা উচিত সেকথাও বুঝে উঠতে পারল না। চারদিকে আগুন লেগে গেলে লোকে যেমন বিহ্বল হয়ে পড়ে তেমনি তারাও সেই অগ্নিগর্ভ সংবাদে বিহ্বল হয়ে পড়ল। কারো ঘাড়ে ভূত চাপলে সে যেমন কাঁপতে থাকে তেমনি ভাবে কাঁপতে থাকল। সকলে মাটিতে গড়াগড়ি দিতে থাকল এবং গলাফাটিয়ে চিৎকার করতে লাগল। তখন তাদের গণ্ডদেশ বেয়ে অশ্রু গড়িয়ে পড়ছিল। সিদ্ধান্ত গ্রহণে অক্ষম জনগণের সুন্দর একটি চিত্র কবি এখানে উপস্থাপিত করেছেন।

তুমুলে চাষ্মিন্সময়েঃনিয়ন্ত্রিতপ্রবেশাঃ 'কিং কিম্' ইতি সহসোপসৃত্য
বিবিশুরন্তর্বংশিকপুরুষাঃ। দদৃশুঃচ তদবস্থং রাজকুমারম্।
তদনুভাবনিরুদ্ধনিগ্রহেচ্ছাস্তু সঘ্ন এব তে তমর্থং চণ্ডবর্মণে
নিবেদয়াচ্ছক্ৰুঃ।

● মূল—তুমুলে চাষ্মিন্সময়েঃনিয়ন্ত্রিতপ্রবেশাঃ 'কিং কিম্' ইতি সহসোপসৃত্য
বিবিশুরন্তর্বংশিকপুরুষাঃ। দদৃশুঃচ তদবস্থং রাজকুমারম্। তদনুভাবনিরুদ্ধনিগ্রহেচ্ছাস্তু
সদ্য এব তে তমর্থং চণ্ডবর্মণে নিবেদয়াচ্ছক্ৰুঃ॥ ৩১।

☆ শব্দার্থ—তুমুলে (ভয়ঙ্কর) চ অশ্মিন্সময়ে (সেই সময়ে) অনিয়ন্ত্রিতপ্রবেশাঃ
(কন্যাস্তম্ভপুরে প্রবেশের অনধিকারী পুরুষেরা) অন্তর্বংশিকপুরুষাঃ (অস্তম্ভপুরের রক্ষী ও পরিবারেরা) কিং কিম্ ইতি (কি হয়েছে? কি হয়েছে—এই রকম বলতে বলতে) সহসা
(হঠাৎ) উপসৃত্য (উপস্থিত হয়ে) বিবিশুঃ (প্রবেশ করেছিল)। রাজকুমারম্ চ (এবং

১। অস্তম্ভপুরে দ্বিবিভক্তঃ স্যাদন্তর্বংশিকো জনঃ ইতি অমরঃ।

রাজবাহনচরিতম্ ☆৩৭

রাজকুমার রাজবাহনকে) তদবস্থং (সেইরূপ শৃঙ্খলিত অবস্থায়) দদৃশুঃ (দেখতে পেল)।
তদনুভাবনিরুদ্ধনিগ্রহেচ্ছাঃ তু (তার প্রভাব দেখে রক্ষীপুরুষদের তাকে নিগ্রহ করার ইচ্ছা
নিরুদ্ধ হয়ে যাওয়ায়) তে (তারা) সদ্য এব (তৎক্ষণাৎ) তম্ অর্থম্ (এই সমগ্র ব্যাপারটি)
চণ্ডবর্মণে (চণ্ডবর্মাকে) নিবেদয়াচ্ছক্ৰুঃ (জানিয়েছিল)।

☆ বঙ্গানুবাদ—সেই ভয়ঙ্কর সময়ে প্রবেশে কোন বাধা না পেয়ে 'এটা কি হল'?
'কি হল'? এরূপ বলতে বলতে অস্তম্ভপুরের রক্ষীরা সেখানে এসে উপস্থিত হল এবং
রাজকুমারকে সেই অবস্থায় দেখতে পেল। তার (রাজবাহনের) প্রভাব দেখে তাকে
নির্যাতন করার ইচ্ছা তাদের লোপ পেল, তাই সেই বৃত্তান্তটি তৎক্ষণাৎ চণ্ডবর্মার কাছে
তারা নিবেদন করল।

☆ Eng. Trans. In such a tumultuous confusion, the guards of the
gynaecium, unrestrained at entrance, advanced by saying, "What has
happened", and then entered the room and found the prince in that
state. But with their desire to persecute the prince being repressed by
his (prince's) appearance, they forthwith brought the matter to the
notice of Chandavarman. (3)

☆ টীকা—তুমুলে সংকুলে। চ। অশ্মিন্সময়ে। অনিয়ন্ত্রিতঃ অব্যবহৃতঃ প্রবেশঃ
যেযাম্ তাদৃশাঃ। কিম্। কিম্। ইতি (উক্ত)। সহসা অকস্মাৎ। উপসৃত্য প্রাপ্য। বিবিশুঃ
অন্তঃ অগচ্ছন। অন্তর্বংশিকাঃ অন্তঃপুরাধিকৃত্যঃ। পুরুষাঃ দদৃশুঃ দৃষ্টবন্তঃ। চ। সা অবস্থা
দশা যস্য তাদৃশম্ (নিগড়িতম্)। রাজকুমারম্। তস্য অনুভাবেন প্রভাবেন নিরুদ্ধা নিবৃত্তা
নিগ্রহেচ্ছা দণ্ডাভিলাষঃ যেযাম্ তে। সদ্যঃ তৎকালম্। এব। তে। তম্। অর্থম্ বার্তাম্।
চণ্ডবর্মণে নিবেদয়াচ্ছক্ৰুঃ।

☆ ব্যাকরণ—সময়ে—অধিকরণে ৭মী। অনিয়ন্ত্রিতপ্রবেশাঃ—ন নিয়ন্ত্রিতঃ (নঞ
তৎ), অনিয়ন্ত্রিতঃ প্রবেশঃ যেযাং তে (বহুব্রীহি)। উপসৃত্য—উপ-সু+ল্যাপ। বিবিশুঃ—
বিশ+লিট্ উস্। দদৃশুঃ—দৃশ+লিট্ উস্। নিবেদয়াচ্ছক্ৰুঃ—নি-বিদ+গিচ+কৃ+লিট্ উস্।
চণ্ডবর্মণে—সম্প্রদানে ৪র্থী। তদনুভাবনিরুদ্ধনিগ্রহেচ্ছাঃ—তস্য অনুভাবঃ (৬ষ্ঠী তৎ),
তদনুভাবেন নিরুদ্ধাঃ (৩য়্য তৎ), নিগ্রহস্য ইচ্ছা (৬ষ্ঠী তৎ), তদনুভাবনিরুদ্ধা নিগ্রহেচ্ছা
যেযাং তে (বহুব্রীহি)।

○ আলোচনা—রাজবাহনের পা দুটি শিকলে নিগড়িত দেখে অবন্তিসুন্দরী ভয়ে
চিৎকার করে উঠলে অস্তম্ভপুরের নিয়ম ভেঙ্গে সকলেই সেখানে প্রবেশ করেছিল।
কন্যাস্তম্ভপুরে একজন পুরুষের উপস্থিতি দেখে সকলেই এটাকে গর্হিত অপরাধ বলে মনে
করেছিল। তারা ক্ষিপ্ত হয়ে তখনই রাজবাহনকে উৎপীড়িত করতে চেয়েছিল। কিন্তু তার
মধ্যে এমন একটা পৌরুষের দীপ্তি ছিল এবং গাভীর ছিল যে সেই ব্যক্তিকে অস্বীকার

১। রাজা দর্পসারের অবর্তমানে রাজ্যের শাসকপদে নিযুক্ত ছিলেন চণ্ডবর্মা।